যুগান্তর

তারিখ ২৪ FEB 2018 পৃষ্ঠা ৪ কলাম ৭

# মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে খোলা চিঠি

*মাননীয় শিক্ষামন্ত্রী, আসসালামু আলাইকুম*

আশা করছি, শত ব্যস্ততার মধ্যেও পরম করুণাময় আল্লাহর রহমতে ভালো আছেন। বাংলাদেশের স্থপতি ও জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্ন এবং দেশরত্ন শেখ হাসিনার ভিশন-২০২১ এবং এসডিজির লক্ষ্য পূরণে শিক্ষিত জাতি গঠনের আলোকবর্তিকা হাতে নিয়ে আপনি আলোর দিশারি।

ঝরে পড়া গরিব মেধাবী শিক্ষার্থীদের সুশিক্ষায় শিক্ষিত করে তোলার লক্ষ্যে 'সেকায়েপ' প্রকল্পের মাধ্যমে ২০১৫ সাল থেকে বাংলাদেশের ৬২ উপজেলায় অতিরিক্ত শ্রেণীশিক্ষক হিসেবে প্রায় ৫ হাজার ২০০ এসিটি নিয়োগ দেয়া হয়। আপনি অবগত আছেন— দেশের প্রত্যন্ত অঞ্চলে ঝরেপড়া শিক্ষার্থীদের শিক্ষা অভিমুখী করে যুগোপযোগী মানসম্মত শিক্ষা সম্পন্ন করার জন্য শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে সেকায়েপ কর্তৃক নিয়োগপ্রাপ্ত ইংরেজি, গণিত এবং বিজ্ঞান বিষয়ের এসিটিবৃন্দ নিয়মিত ক্লাসের পাশাপাশি প্রতিমাসে ১৬-২০টি অতিরিক্ত ক্লাস এবং নিয়মিত হোম ভিজিটের মাধ্যমে গ্রামের অসহায়, দরিদ্র ও দুর্বল ছাত্রছাত্রীদের মানসম্মত শিক্ষা প্রদানের মাধ্যমে বর্তমান শিক্ষা ব্যবস্থায় গুরুত্বপূর্ণ অবদান রাখছেন। আপনি অবগত আছেন— ২০১৫ সাল থেকে বিশ্বব্যাংকের আর্থিক সহায়তায় পরিচালিত এ প্রকল্পে দেশের মেধাবী তথা স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে সর্বোচ্চ ফলপ্রাপ্তদের নিয়োগ দেয়া হয়। উল্লেখ্য, সেকায়েপ কর্তৃক পরিচালিত এসিটি কম্পোনেন্টের মেয়াদ ২০১৭ সালের ৩১ ডিসেম্বর শেষ হয়েছে। নিয়োগকৃত শিক্ষকদের ম্যানুয়েলে চাকরি স্থায়ীকরণ অথবা পরবর্তী প্রকল্পে স্থানান্তরের কথা উল্লেখ থাকলেও তা বাস্তবায়নের কোনো লক্ষণ পরিলক্ষিত হচ্ছে না। প্রকল্পে নিয়োগকৃত ৫ হাজার ২০০ এসিটির অধিকাংশের সরকারি চাকরির বয়সসীমা অতিক্রান্ত হয়েছে। যদি এসিটিদের চাকরি স্থায়ী না করা হয়, তবে ৫ হাজার ২০০ মেধাবী জীবন বেকারত্বের অন্ধকারে নিমজ্জিত হবে এবং তাদের জীবন হয়ে উঠবে অভিশপ্ত।

*মাননীয় শিক্ষামন্ত্রী,*

আপনি অবগত আছেন— এই প্রকল্পের ৫ হাজার ২০০ এসিটিই নিজ নিজ বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত। ভবিষ্যতে চাকরি স্থায়ীকরণ অথবা SEDP-তে স্থানান্তরিত হওয়ার আশায় এখনও বিদ্যালয়গুলোয় নিয়মিত পাঠদান অব্যাহত রেখেছেন। বিদ্যালয়ের স্থায়ী শিক্ষক, ছাত্রছাত্রী ও অভিভাবক মহলের বিভিন্ন ধরনের প্রশ্নের উত্তর দেয়া লজ্জা ও অস্বস্তিকর হয়ে পড়েছে। শিক্ষার আলো জ্বালাতে এসে যেন এসব এসিটির জীবন অন্ধকারে নিমজ্জিত না হয় এবং তাদের সুনাম, খ্যাতি ও ছাত্রছাত্রীদের দেয়া সম্মান নিয়ে শিক্ষা ব্যবস্থার উন্নয়নে সুযোগ পেতে পারেন।

*মাননীয় শিক্ষামন্ত্রী*

দেশের প্রায় ৫ হাজার ২০০ এসিটির পক্ষে আমার একটাই আবেদন— বর্তমান সরকারের উন্নয়ন কর্মসূচির অংশ হিসেবে এসিটিদের চাকরি স্থায়ীকরণের মাধ্যমে দেশের উন্নয়নকে আরও গতিশীল করার লক্ষ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করছি।

সম্রাট রোমান

*এসিটি, শিবচর, মাদারীপুর*